



গণভোটে ‘হ্যাঁ’ এলে মানুষের প্রত্যাশা বাস্তব রূপ পাবে: অর্থ উপদেষ্টা



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা ড. সাহেব উদ্দিন আহমেদ বলেছেন, আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন কেবল একটি ভোট নয়, এটি এক ধরনের গণভোট। এ ভোটে ‘হ্যাঁ’ নির্বাচিত হলে দেশের সাধারণ মানুষের আশা ও আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটবে।

বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) সন্ধ্যায় সিরাজগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের সামনে গণভোটের পক্ষে প্রচারণার অংশ হিসেবে ‘ভোটের গাড়ি’ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অর্থ উপদেষ্টা বলেন, গণভোটের বিষয়টি গ্রামাঞ্চলের মানুষের অজানা নয়। সরকারের পক্ষ থেকে ব্যাপক প্রচার চালানো হচ্ছে এবং স্থানীয় পর্যায়েও ‘হ্যাঁ’ ভোটের পক্ষে প্রচারণা অব্যাহত রয়েছে। তিনি জানান, অতীতে বহু নির্বাচন হলেও কাঙ্ক্ষিত সংস্কার বাস্তবায়ন হয়নি। গণভোটে ইতিবাচক রায় এলে প্রয়োজনীয় কিছু সংস্কার কার্যকর করা সম্ভব হবে।

তিনি আরও বলেন, অতীতে ক্ষমতায় আসা দলগুলো নিজেদের মতো করে সংস্কার করেছে, যা একতরফা ছিল। গণভোটের মাধ্যমে জনগণকে সিদ্ধান্তের অংশীদার করা হচ্ছে। যে সরকারই আসুক, জনগণের মতামত নিয়েই সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। তাই জনগণের ইচ্ছা ও প্রত্যাশার প্রতিফলন ঘটাতে গণভোটে ‘হ্যাঁ’ ভোট দেওয়ার আহ্বান জানান তিনি।

এর আগে অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা ‘ভোটের গাড়ি’র উদ্বোধন করেন। ‘হ্যাঁ’ ভোটের পক্ষে প্রচারণায় সুসজ্জিত এই গাড়িটি প্রতিদিন জেলার বিভিন্ন সড়ক ও অলিগলি ঘুরে প্রচার কার্যক্রম